



২২ দিনের বিরতি শেষে নদীতে প্রাণ ফিরেছে, ইলিশ শিকারে ব্যস্ত জেলেরা



সংগৃহীত ছবি

ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ২২ দিনের নিষেধাজ্ঞা শেষে আবারও ব্যস্ত সময় কাটাচ্ছেন ভোলার জেলেরা। শনিবার (২৫ অক্টোবর) রাত ১২টা বাজতেই মেঘনা ও তেতুলিয়া নদীতে নেমে পড়েছেন হাজারো জেলে। নদীতে এখন ঢেউয়ের সঙ্গে মিশেছে জাল ফেলার শব্দ ও মাছ ধরার আনন্দঘন মুহূর্ত। দীর্ঘ বিরতির পর নদীতে নামলেও জেলেদের জালে ইলিশ ধরা পড়ছে তুলনামূলক কম। তবে কোড়াল, পাঙ্গাস, পোয়া, ট্যাংরা ও অন্যান্য মাছের উপস্থিতি কিছুটা সান্ত্বনা দিচ্ছে তাদের। অনেকে বলছেন, “প্রথম দিকে ইলিশ কম ধরা পড়লেও নদীতে মাছের চলাচল বেড়েছে, কয়েক দিনের মধ্যে অবস্থার উন্নতি হবে।”

ভোলার স্থানীয় জেলেরা জানান, নিষেধাজ্ঞার সময় পরিবার নিয়ে দুশ্চিন্তায় দিন কেটেছে। এখন মাছ ধরার অনুমতি পেয়ে তারা নতুন আশায় নৌকা সাজাচ্ছেন। তাদের আশা, “আগামী সপ্তাহে মাছের পরিমাণ বাড়লে ধার-দেনা শোধ করে ঘুরে দাঁড়ানো সম্ভব হবে।”

প্রসঙ্গত, ইলিশের নিরাপদ প্রজনন নিশ্চিত করতে গত ৪ অক্টোবর থেকে ২২ দিনের জন্য ভোলার মেঘনা ও তেতুলিয়া নদীতে সব ধরনের মাছ ধরা, বিক্রি ও পরিবহনে নিষেধাজ্ঞা জারি করেছিল সরকার। নিষেধাজ্ঞা শেষ হতেই জেলেদের জালে আবারও ফিরছে নদীর প্রাণ—ইলিশ।